

রোহিঙ্গা ক্যাম্পে আরও ৫ হাজার লেট্রিন ও মেয়েদের জন্য ৫ হাজার গোসলখানা নির্মাণের চুক্তি সই করেছে ইউনিসেফের কান্দি ডিরেক্টর এডওয়ার্ড বিগবেডার ও যুগ্মসচিব (রোহিঙ্গা সেল) মোঃ হাবিবুল কবির চৌধুরী। এ সময় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামাল উপস্থিত ছিলেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে আজ ১৯ ফেব্রুয়ারি এ চুক্তি স্বাক্ষরিত হয়। এর পূর্বে ইউনিসেফ রোহিঙ্গা ক্যাম্পে ১০ হাজার লেট্রিন নির্মাণ করে দিয়েছিল। এ নিয়ে রোহিঙ্গা ক্যাম্পে মোট ৪৮ হাজার লেট্রিন নির্মিত হল।

